114

তারিখ ... 09 AUG
পৃষ্ঠা ... 9 কলাম

দৈনিক বাংলা

# মাদ্রাসা বোর্ডের পরীক্ষার ১৯টি খাতাসহ ১ জন গ্রেফতার

**নিজস্ব সংবাদদাতা ঃ** লালমনিরহাট, সম্প্রতি জেলার কালীগঞ্জ থানা পুলিশ মাদ্রাসা বোর্ডের চলতি বছরের ফাজিল পরীক্ষার ১৯টি ফিকাহ্ বিষয়ের খাতাসহ আব্দুল হাই নামে এক ব্যক্তিকে গ্রেফ-তার করেছে।

পুলিশ জানায়, পিরোজপুর জেলার ভান্ডারিয়া থানার দারুল হুদা মাদ্রাসার শিক্ষক (পরীক্ষক) নূর মোহাম্মদের নামে এবারের ফাজিল পরীক্ষার ফিকাহ্ বিষয়ের ৩শ' ৩১টি খাতা (উত্তরপত্র) ধেকে নম্বর দেয়ার জন্য মাদ্রাসা বোর্ড কর্তৃক প্রদান করা হয়। উক্ত পরীক্ষক অবৈধ টাকা আয়ের উদ্দেশ্যে ধৃত আব্দুল হাই নামে তার এক সহযোগীকে কুড়িগ্রাম জেলার ভূরুঙ্গামারী কেন্দ্রের ৭৬০৭-৭৬২৫ ও লালমনিরহাট জেলার কাশিরাম কেন্দ্রের ৭৬৭৪-৭৭১৭ নং রোলের মোট ৬৩টি উত্তরপত্রসহ সুন্দর পিরোজপুর থেকে লালমনিরহাট ও কুড়িগ্রামের উদ্দেশ্যে পাঠায়। উক্ত সহযোগী আব্দুল হাই জেলার কালীগঞ্জ থানার তুষভান্ডার গ্রামের এক মাদ্রাসায় অবস্থান করে।

ঘটনার রাতে উক্ত মাদ্রাসা ঘরে কাশীরাম কেন্দ্রের কতিপয় পরীক্ষার্থীর সঙ্গে পাস করিয়ে দেয়ার আর্থিক লেন-দেনের সময় গোপন খবরের ভিত্তিতে পুলিশ এলাকাটি ঘিরে ফেলে ভূরুঙ্গামারী কেন্দ্রের ১৯টি উত্তরপত্রসহ আব্দুল হাইকে (২৮) পাকড়াও করে ধৃত ব্যক্তির স্বীকারোক্তির উদ্ধৃতি দিয়ে পুলিশ আরও জানায় পরীক্ষক নুর মোহাম্মদ কাশিরাম কেন্দ্রের ৪৪টি খাতাসহ আশেপাশে ছিল। কিন্তু পুলিশি অভিযান টের পেয়ে সে গা ঢাকা দেয়। শেষ খবর পাওয়া পর্যন্ত তাকে পুলিশ আটক করতে সক্ষম হয়নি।

এ ব্যাপারে কালীগঞ্জ থানায় সংশ্লিষ্ট আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।